শেখ হাসিনাই রূপকার
পল্লী সঞ্চয় ব্যাংক উপহার

# পল্লী সঞ্চয় ব্যাংক

(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)

**প্রধান কার্যালয়**

রেড ক্রিসেন্ট বোরাক টাওয়ার (লেভেল ৮-১০)
৩৭/৩/এ, ইস্কাটন গার্ডেন রোড, ঢাকা-১০০০।
www.pallisanchaybank.gov.bd

**সঞ্চয় ও ঋণ বিভাগ**

স্মারক নং পসব্য/প্রকা/পরি-২২(অংশ-২)/২০২৩-২৪/ ৮৫২ তারিখ: ১৩/০২/২০২৪ খ্রি:

সকল শাখা ব্যবস্থাপক
পল্লী সঞ্চয় ব্যাংক।

বিষয়: **প্রতিদিনের সঞ্চয় ও ঋণ এর কিস্তিবাবদ আদায়কৃত অর্থ সংশ্লিষ্ট দিনে জমাকরত: প্রত্যয়ন প্রদান।**

প্রিয় মহোদয়,

শিরোনামে বর্ণিত বিষয়ের প্রতি আপনাদের দৃষ্টি আকর্ষণ করা হলো।

০২। পল্লী সঞ্চয় ব্যাংকের শাখা পর্যায়ে নগদ লেনদেনের বিষয়টি মাঠ সহকারী/ কম্পিউটার অপারেটর/ ক্যাশ সহকারীর মাধ্যমে সম্পন্ন হয়। প্রতি কর্মদিবসে সঞ্চয় ও ঋণের কিস্তিবাবদ আদায়কৃত অর্থ সংশ্লিষ্ট দিনে জমা করার নির্দেশনা রয়েছে। এখন থেকে সঞ্চয় ও ঋণের কিস্তিবাবদ আদায়কৃত অর্থ নিম্নোক্ত নির্দেশনা মোতাবেক শাখায় জমাকরত: প্রত্যয়ন প্রদান করতে হবে:

ক) আদায়কারীগণ নির্দিষ্ট দিনের আদায়কৃত অর্থ শাখায় জমাদানের সময় শাখা ব্যবস্থাপক এবং জুনিয়র অফিসার (মাঠ) এর নিকট সংশ্লিষ্ট দিনের জমাকৃত অর্থ সংক্রান্ত প্রত্যয়ন প্রদান করবেন (নমুনা মোতাবেক)।

খ) উক্ত প্রত্যয়ন যাচাই-বাছাই করে শাখা ব্যবস্থাপক আদায়কৃত অর্থ শাখায় জমাদান সংক্রান্ত প্রত্যয়ন সংশ্লিষ্ট জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নিকট ই-মেইল যোগে প্রেরণ করবেন।

গ) জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা শাখা থেকে প্রাপ্ত প্রত্যয়নসমূহ প্রধান কার্যালয়ের শাখা তত্ত্বাবধান ও পরিদর্শন বিভাগের দায়িত্বে নিয়োজিত সংশ্লিষ্ট সিনিয়র প্রিন্সিপাল অফিসারের নিকট দিন শেষে ই-মেইল যোগে প্রেরণ করবেন।

ঘ) এভাবে প্রতিদিনের আদায়কৃত অর্থ জমাকরণ সংক্রান্ত তথ্য শাখা ব্যবস্থাপক প্রত্যয়নপূর্বক জেলা (আঞ্চলিক) কার্যালয়ে এবং পরবর্তীতে জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা প্রতিস্বাক্ষর করে শাখা তত্ত্বাবধান ও পরিদর্শন বিভাগের দায়িত্বে নিয়োজিত সংশ্লিষ্ট সিনিয়র প্রিন্সিপাল অফিসারের ই-মেইলে প্রেরণ করবেন।

০৩। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

**(শেখ মো: জামিনুর রহমান)**
ব্যবস্থাপনা পরিচালক

স্মারক নং পসব্য/প্রকা/পরি-২২(অংশ-২)/২০২৩-২৪/ ৮৫২ (১০৯) তারিখ: ১৩/০২/২০২৪ খ্রি:

সদয় অবগতির জন্য প্রেরিত হলো: (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

১। পিএস টু চেয়ারম্যান, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২। স্টাফ অফিসার টু ব্যবস্থাপনা পরিচালক,পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩। স্টাফ অফিসার টু উপ-ব্যবস্থাপনা পরিচালক, পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪। স্টাফ অফিসার টু মহাব্যবস্থাপক (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৫। বিভাগীয় প্রধান, (সকল বিভাগ), পল্লী সঞ্চয় ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৬। বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, সংশ্লিষ্ট বিভাগ, শাখা তত্ত্বাবধান ও মনিটরিং বিভাগ, পল্লী সঞ্চয় ব্যাংক, ঢাকা।
৭। জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা, সকল জেলা, পল্লী সঞ্চয় ব্যাংক।
৮। নিরীক্ষা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা (সকল), পল্লী সঞ্চয় ব্যাংক।
৯। অফিস নথি।

Amin 13.02.24

(মোঃ রুহুল আমিন)
সিনিয়র প্রিন্সিপাল অফিসার

# পল্লী সঞ্চয় ব্যাংক

(সমৃদ্ধি অর্জনের ব্যাংক)

.................... শাখা, ................ জেলা

স্মারক নং পসব্য/ তারিখ ........................

বিষয়: <u>শাখায় প্রতিদিনের সঞ্চয় ও ঋণের কিস্তিবাবদ আদায়কৃত অর্থ জমাকরণ সংক্রান্ত প্রত্যয়ন</u>।

অদ্য ............. তারিখে নিম্ন আদায়কারীগণ প্রতিদিনের সঞ্চয় ও ঋণের কিস্তিবাবদ আদায়কৃত অর্থ শাখায় জমা করে এ সংক্রান্ত প্রত্যয়ন প্রদান করেন।

| ক্র: নং | আদায়কারীর নাম | আদায়কৃত অর্থের পরিমাণ | জমাকৃত অর্থের পরিমাণ | পার্থক্য (হাতে রয়েছে) | আদায়কারীর স্বাক্ষর |
|---|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫=(৩-৪) | ৬ |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| মোট | | | | | |

এই মর্মে প্রত্যয়ন করছি যে উপরিউক্ত তথ্যাদি সঠিক।

জুনিয়র অফিসার (মাঠ)

শাখা ব্যবস্থাপক

জেলা (আঞ্চলিক) কার্যালয়ের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার প্রতিস্বাক্ষর